বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION BSEC

মুজিব শতবর্ষ MUJIB 100

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

নং-বিএসইসি/এনফোর্সমেন্ট/৩৩৪০/২০২২/১৪৯৮ তারিখঃ নভেম্বর ১৬, ২০২২

হোসনে আরা বেগম
(মোহাম্মদ হামদুল ইসলামের বোন)
বাড়ী #,১০৭/ক, রোড # আজিমপুর
নিউমার্কেট, লালবাগ, ঢাকা-১২০৫
অথবা
ব্যাংকো ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিঃ
শেফালী কমপ্লেক্স (৪র্থ তলা)
২১৮/৩/এ, পশ্চিম কাফরুল, বেগম রোকেয়া স্বরনী
শের-ই-বাংলা নগর,ঢাকা-১২০৭

বিষয়: আদেশ।

কমিশনের আদেশ নং-বিএসইসি/এনফোর্সমেন্ট/৩৩৪০/২০২২/১৪৯৭ তারিখঃ নভেম্বর ১৬, ২০২২ ইং আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এতদ্সংগে সংযুক্ত করা হলো।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে

মো: ইউসুফ ভূইয়া
অতিরিক্ত পরিচালক
ফোন: ৮৮০২৪৪৮২৬৫৩৯
ই-মেইল: yusuf@sec.gov.bd

**অবগতির জন্য অনুলিপি:**

১। নির্বাহী পরিচালক, আইন, বিএসইসি।
২। নির্বাহী পরিচালক, এসআরআই, বিএসইসি।
৩। নির্বাহী পরিচালক, এমআইএস, বিএসইসি।
৪। নির্বাহী পরিচালক, এনফোর্সমেন্ট, বিএসইসি
৫। চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিএসইসি

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

বিএসইসি/এনফোর্সমেন্ট/৩৩৪০/২০২২/ ১৪৯৭ তারিখঃ নভেম্বর ১৬, ২০২২

## আদেশ

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 (ORDINANCE No. XVII of 1969) এর Section 2(cc) মোতাবেক 'Commission' অর্থ Bangladesh Securities and Exchange Commission যা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সালের ১৫ নং আইন) এর ক্ষমতাবলে প্রতিষ্ঠিত (অত:পর "কমিশন" বলে উল্লিখিত);

যেহেতু, কমিশনের আদেশ নং বিএসইসি/এসআরআই/এমবি-৪০/২০০৯/১৩৫২ তারিখ: জানুয়ারি ২৬, ২০২২, এর মাধ্যমে একটি তদন্ত কমিটি গঠিত হয় এবং উক্ত তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী findings and violations নিম্নরূপ:

**Correspondences with Mrs. Hosne Ara Begum, sister of Mohammad Hamdul Islam:**

**a.** It has been found that Mrs. Hosne Ara Begum, sister of Mr. Mohammad Hamdul Islam held a total of 10 lac 95 thousand shares of a company while Banco Finance and Investment Limited acted as the issue manager as follows:

| Sl. No. | Name of Company | No. of Shares | Face Value (TK.) | Market Price as on 21.04.2022 (Tk.) |
|---|---|---|---|---|
| 1 | Taufika Foods | 10,95,000 | 1,09,50,000 | 4,58,80,500 |
| Total | | 10,95,000 | 1,09,50,000 | 4,58,80,500 |

The enquiry team requested Mrs. Hosne Ara Begum for the first time to appear before the enquiry team on April 18, 2022 for presenting her statements vide registered post A.D. letter No. বিএসইসি/এমবি-৪০/২০০৯/১৩৫২/তদন্ত/০৬ dated April 12, 2022. She was also informed of the matter through phone call several times. But she did not appear before the enquiry team on the required date and instead sent a letter on April 17, 2022 where she mentioned:

Quote……বর্তমানে মাহে রমজান মাস চলছে পারিবারিক সমস্যার কারণে ১৮ এপ্রিল আপনার সম্মুখে উপস্থিত হতে পারছি না বলে দুঃখিত।
অতএব মহোদয়ের নিকট আবেদন এই যে, আমি ঈদ উল ফেতর পরবর্তী সময়ে যথা ০৮ মে ২০২২ এর পরে আপনার চাহিদা মোতাবেক যোগাযোগ করতে সমর্থ হব বলে আশা করছি। Unquote

But, as per her commitment on the said letter, she neither appeared before the enquiry team nor made any communication.

**b.** The enquiry team again for the second time requested Mrs. Hosne Ara Begum to appear before the enquiry team for presenting her statements on April 27, 2022 with necessary documents vide registered post A.D. letter No. বিএসইসি/এমবি-৪০/২০০৯/১৩৫২/তদন্ত/১০ dated April 21, 2022 . But she again failed to appear before the enquiry team.

**c.** Later, the enquiry team via WhatsApp text message for the third time requested her to appear before the enquiry team with necessary documents. But she yet again failed to appear before the enquiry team. Later, she submitted a letter to the enquiry team on May 08, 2022 where she nominated her husband Mr. Kazi Amdadul Hoque to represent her which is not acceptable to the enquiry team. She mentioned in her letter :

Quote: আমি, হোসনে আরা বেগম এতদ্বারা জনাব কাজী এমদাদুল হক কে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের তদন্ত সম্পর্কিত সকল বিষয়ে আমার প্রতিনিধিত্ব করার জন্য ক্ষমতা প্রদান করছি। আমার পক্ষ থেকে অনুমোদনকারীর নামে সম্পাদিত যেকোনো কাজ আমার নিজের কাজ হিসেবে গণ্য হবে। Unquote

On the other hand, her husband Mr. Kazi Amdadul Hoque submitted a letter to the enquiry team on behalf of her on May 08, 2022 where he mentioned :

Quote ....আপনি এতদসংক্রান্ত যে সমস্ত ডকুমেন্টস চেয়েছেন তা অত্যন্ত ব্যাক্তিগত ও গোপনীয়; তা স্বত্তেও আমার আইটি ১০ বি (সার্টিফাইড কপি NBR থেকে তুলতে হবে), শেয়ার ক্রয়ের চেকের নাম্বারসমূহ, আপনার সদয় অবগতির জন্য সংযুক্ত করা হলো। Unquote

**Comment:** As per উপ-ধারা (৩) of ধারা ১৭ক of বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩, the individuals under enquiry are bound to submit any document required by the enquiry team. Thus, there is no option of refusing to submit any document on the ground of being personal and/or confidential.

It is mentionable that the documents submitted with this letter were irrelevant, unauthenticated and not required by the enquiry team. Therefore, those documents are not acceptable to the enquiry team.

**Observations regarding Mrs. Hosne Ara Begum:**

1. Mrs. Hosne Ara Begum failed to submit the required documents as per the requirements of the enquiry team even after being contacted numerous times. Instead, her husband Mr. Kazi Amdadul Hoque submitted some irrelevant documents on behalf of her which are not acceptable to the enquiry team.
2. By failing to submit relevant documents, she failed to conclusively prove her sources of income or fund for purchasing 10,95,000 shares worth TK. 1,09,50,000.
3. She did not appear before the enquiry team for avoiding interview. Therefore, the enquiry team suspects that it is because she either does not have relevant documents or she does not have any logical explanation in favor of her accusations.

As a result, the matter regarding her sources of income and avoidance of interview seem suspicious to the enquiry team.

In these circumstances, the matter of Mrs. Hosne Ara Begum may be referred to National Board of Revenue (NBR) and/or Anti-Corruption Commission (ACC) and/or Bangladesh Financial Intelligence Unit (BFIU) for further enquiry to reveal her actual sources of income and compliance of relevant laws and regulations.

**As per section 21(2) of Securities and Exchange Ordinance, 1969:**

"Where an enquiry under sub-section (1) has been undertaken, every member, director, manager or other officers of the Stock Exchange or the issuer to which or to whose member, director, auditor or officer of the enquiry relates, an insurance company as defined in the Insurance Act, 2010, a bank, a financial institution as defined in the Financial Institutions Act, 1993, and every other person considered by the person conducting the enquiry to be capable of providing information which is, or may be relevant to that enquiry, shall furnish such information as the person conducting the enquiry may require."

And as per **উপ-ধারা (৩)** of **ধারা ১৭ক** of **বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩:**

"উপ-ধারা (২) এর অধীন অনুসন্ধান বা তদন্ত কার্যে নিয়োজিত ব্যক্তিকে অনুসন্ধানাধীন বা তদন্তাধীন ব্যক্তি বা একাধিক ব্যক্তি সমন্বয়ে গঠিত কমিটিকে প্রয়োজনীয় তথ্যাবলি ও দলিলপত্র প্রদান করিতে বাধ্য থাকিবে।"

Due to her avoidance of interview and failure to submit relevant documents required by the enquiry team, it is evident that Mrs. Hosne Ara Begum has violated section 21(2) of Securities and Exchange Ordinance, 1969 .

**Contravention:** Mrs. Hosne Ara Begum has violated Section 21(2) of Securities and Exchange Ordinance, 1969 by not appearing before the enquiry team for providing her statements and by not submitting relevant information/documents regarding the enquiry.

Whereas, the aforesaid activities of non-compliance of securities laws appeared to be deliberate and clear contravention of the above stated laws attracts penal provision of Section 22 of the Securities and Exchange Ordinance, 1969

যেহেতু, কমিশন উপরোল্লিখিত প্রতিবেদন অনুযায়ী সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতার জন্য Mrs. Hosne Ara Begum এর বরাবরে একটি show-cause-cum-hearing notice সূত্র নং- BSEC/Enforcement/৩৩৪০/২০২২/১১০০ তারিখ: আগস্ট ১১, ২০২২ প্রেরণ করে এবং সেপ্টেম্বর ১১, ২০২২ তারিখে শুনানীর দিন ধার্য করে। ধার্যকৃত তারিখে Mrs.Hosne Ara Begum তাঁর প্রতিনিধির মাধ্যমে সেপ্টেম্বর ১১, ২০২২ তারিখের পত্র সূত্র- এর মাধ্যমে লিখিত বক্তব্য দাখিল করেন। যাতে অন্যান্যের মধ্যে, নিম্নোক্ত বিষয়গুলির উল্লেখ আছে:-

"যথাবিহীত সম্মান প্রদর্শনপূর্বক আপনার প্রদানকৃত পত্র নং BSEC/Enforcement/3340/2022/1100 Date: August 11, 2022 অনুযায়ী সবিনয়ে জানাচ্ছি যে, তদন্ত কমিটির প্রেরিত পত্র নং বিএসইসি/এমবি-৪০/২০০৯/১৩৫২/তদন্ত/০৯ তাং এপ্রিল ২০, ২০২২ এর জবাবে গত ৮ই মে ২০২০ ইং তারিখে আমি আমার অনুমোদিত প্রতিনিধি জনাব কাজী এমদালুল হক এর মাধ্যমে তদন্ত কমিটির নিকট বক্তব্য উপস্থাপন ও প্রয়োজনীয় দলিলাদি (আমার ট্যাক্স রিটার্নের আইটি-১০বি ও শেয়ার ক্রয় সংক্রান্ত চেকের নম্বর সমূহ ) দাখিল করি ।

উল্লেখ্য যে আমি এনবিআর থেকে ট্যাক্স রির্টান ও আইটি-১০বি এর সার্টিফাইট কপি তোলার জন্য ২৫ এপ্রিল ২০২২ আবেদন করি কিন্তু তখন পর্যন্ত পাওয়া যায়নি বলে দেয়া সম্ভব হয়নি । যা বর্তমানে হস্তগত হয়েছে এবং মহাদয়ের নিকট তা দাখিল করছি ।

এখানে আরও উল্লেখ যে তদন্ত কমিটি আমার পত্রে সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন আইন ,১৯৯৩ এর দ্বারা ১৭ক অনুযায়ী তদন্ত কার্য পরিচালিত হচ্ছে বলে উল্লেখ করেছেন।

সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন আইন ,১৯৯৩

[১৭ক। অনুসন্ধান বা তদন্ত অনুষ্ঠান।- (১) কমিশন ধারা ১০ এর উপ-ধারা (১) এ উল্লিখিত যে কোন ব্যক্তি সম্পর্কে অনুসন্ধান বা তদন্ত করিতে পারিবে।

১০। নিবন্ধন সার্টিফিকেট।- (১) [ কোন স্টক ব্রোকার, সাব-ব্রোকার, শেয়ার হস্তান্তরকারী প্রতিনিধি, ইস্যুর ব্যাংকার, মার্চেন্ট ব্যাংকার, ইস্যুর নিবন্ধক, ইস্যুর ম্যানেজার, অবলিখক, পোর্টফোলিও ম্যানেজার, বিনিয়োগ উপদেষ্টা, মিউচ্যুয়াল ফান্ড, ট্রাষ্ট দলিলের ট্রাষ্টি,সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী, হেফাজতকারী, ক্রেডিট রেটিং কোম্পানী এবং সিকিউরিটি মার্কেটের সঙ্গে সম্পৃক্ত হইতে পারে অনুরূপ অন্যান্য মাধ্যম কমিশনের নিকট হইতে প্রাপ্ত নিবন্ধিকরণ সার্টিফিকেটের শর্তাবলীর অধীন ব্যতিরেকে কোন সিকিউরিটির বিক্রয় বা কারবার করিবে না। ]

যেহেতু আমি কমিশন ধারা ১০ এর উপ-ধারা (১) এ কোন শ্রেণীর অন্তর্ভুক্ত ব্যক্তি নই, সেহেতু অত্র ধারা / বিধান আমার ক্ষেত্রে প্রযোজ্য নয় ।

অতএব, আমার উপস্থাপিত সকল তথ্য মূল্যায়ন করে পত্রে উল্লেখিত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানের জন্য বিনীতভাবে অনুরোধ করছি।."

যেহেতু, Mrs. Hosne Ara Begum সেপ্টেম্বর ১১, ২০২১ ইং তারিখের পত্রের মাধ্যমে উল্লিখিত ব্যর্থতা তথা বিধি বিধান লংঘন সংক্রান্ত অভিযোগের বিষয়ে যে লিখিত ব্যাখ্যা প্রদান করেছে তা কমিশনের নিকট গ্রহনযোগ্য বলে বিবেচিত হয়নি এবং Mrs.Hosne Ara Begum এর উক্ত লংঘন ইচ্ছাকৃত;

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

যেহেতু, সিকিউরিটিজ সংক্রান্ত উল্লিখিত আইন ও উহার অধীন জারিকৃত বিধি-বিধান পরিপালনে Mrs.Hosne Ara Begum এর উক্তরূপ ব্যর্থতা Section 22 of the Securities and Exchange Ordinance, 1969 এর অধীন শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, কমিশনের বিবেচনায়, সিকিউরিটিজ আইন পরিপালনে উল্লিখিত ব্যর্থতার জন্য, তথা পুঁজিবাজারের উন্নয়নের পাশাপাশি বাজারের শৃংখলা ও স্বচ্ছতা রক্ষার স্বার্থে Mrs.Hosne Ara Begum কে জরিমানা করা প্রয়োজন ও সমীচীন;

অতএব, সেহেতু, কমিশন, উল্লিখিত যাবতীয় বিষয় বিবেচনাপূর্বক, Securities and Exchange Ordinance, 1969 এর Section 21(2) লংঘনের জন্য, Section 22 of the Securities and Exchange Ordinance, 1969 এ প্রদত্ত ক্ষমতাবলে Mrs.Hosne Ara Begum এর উপর ৩,০০,০০,০০০.০০ (তিন কোটি) টাকা জরিমানা ধার্য করল যা অত্র আদেশের তারিখ হতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে কমিশনে জমা করতে হবে। এছাড়াও জরিমানার অর্থ পরিশোধ না করা পর্যন্ত উক্ত নামে পরিচালিত সকল BO হিসাব হতে অর্থ উত্তোলন ও Link হিসাবের মাধ্যমে শেয়ার স্থানান্তর বন্ধ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে,

**মোঃ আবদুল হালিম**
**কমিশনার**

**বিতরনঃ**
**হোসনে আরা বেগম**